ভোরের কাগজ

[illegible] 01 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আগামী অর্থবছরের বাজেট ঘোষণা করেছে

কাগজ প্রতিবেদক : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য ২০০২-২০০৩ অর্থবছরের জন্য ৩০৬ কোটি ২৮ লাখ টাকার মূল বাজেট অনুমোদন করেছে। এছাড়া ২০০১-২০০২ অর্থবছরের সংশোধিত বাজেট উল্লেখ করা হয় ৩০৪ কোটি ৩০ লাখ টাকা।

গতকাল কমিশন ভবনে অনুষ্ঠিত মঞ্জুরি কমিশনের ৯৯তম সভায় এই বাজেট অনুমোদিত হয়। সভায় পেশকৃত বাজেট প্রস্তাবের ওপর দীর্ঘ আলোচনা অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ টি এম জহুরুল হকের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত শিক্ষা সচিব ও কমিশন সদস্যবৃন্দ।